# আজ "ভারতের জলসেচ ব্যবস্থা ও বিখ্যাত বাঁধ" থেকে 50 টি প্রশ্ন ও উত্তর pdf সহ আলোচনা করা হল -

1) ভারতে সাধারণত কয়টি পদ্ধতিতে জলসেচ করা হয়?
* Answer :- 5 টি পদ্ধতিতে জলসেচ করা।

2) কূপ পদ্ধতিতে কিভাবে জলসেচ করা হয়?
* Answer :-কপিকল,পারসিক চাকা,জীবজন্তু দিয়ে নরম মাটিতে পাতকুয়ার সাহায্যে জলসেচ করা হয়।

3) ভারতের কোন কোন রাজ্যে কূপ পদ্ধতিতে জলসেচ করা হয়?
* Answer :-উত্তর প্রদেশ, পাঞ্জাব, হরিয়ানা, বিহার, মধ্যপ্রদেশ, গুজরাট প্রভৃতি রাজ্যে।

4) কূপ পদ্ধতি কয় প্রকার ও কি কি?
*Answer :- দুই প্রকার- 1)স্থায়ী কূপ ও 2)অস্থায়ী কূপ।

5) স্থায়ী কূপ বলতে কী বোঝো?
* Answer :-যে কূপ পদ্ধতিতে সারা বছর ধরে স্থায়ীভাবে জলসেচ করা হয়, তাকে স্থায়ী কূপ বলে।

6) অস্থায়ী কূপ জলসেচ বলতে কী বোঝো?
* Answer :-যে কূপ পদ্ধতিতে বছরের নির্দিষ্ট ঋতুতে জলসেচ করা হয়, তাকে অস্থায়ী কূপ জলসেচ পদ্ধতি বলে।

7) ভারতে কূপ পদ্ধতিতে কত শতাংশ জমির জলসেচ করা হয়?
* Answer :-15% জমিতে।

8) নলকূপ জলসেচ পদ্ধতির কী?
*Answer :-মাটির নিচে পাইপ বসিয়ে পাম্পের সাহায্যে যে জলসেচ করা হয়, তাকে নলকূপ জলসেচ পদ্ধতি বলে।

9) ভারতের কোন কোন রাজ্যে নলকূপ পদ্ধতির মাধ্যমে জলসেচ করা হয়?
* Answer : -পাঞ্জাব, হরিয়ানা, উত্তর প্রদেশ প্রভৃতি রাজ্যে।

10) নলকূপ কয় প্রকার ও কি কি?
* Answer :- দুই প্রকার,যথা - A)গভীর নলকূপ এবং B) অগভীর নলকূপ।

11) কূপ ও নলকূপের মাধ্যমে ভারতের কোন রাজ্যে সব থেকে বেশি জলসেচ করা হয়?
* Answer :-উত্তর প্রদেশ রাজ্যে (প্রায় 29%)।

12) খাল পদ্ধতিতে কোথায় সব থেকে বেশি চাষ করা হয়?
* Answer :- পাঞ্জাব ও উত্তরপ্রদেশ সমভূমিতে।

13) খাল কয় প্রকার ও কি কি?
* Answer :-দুই প্রকার,যথা - A)নিত্যবহ খাল ও B)প্লাবন খাল।

14) উত্তর ভারতে কোন খালের পরিমাণ বেশি?

WWW.BENGALEDUCATIONGUIDE.COM

* Answer :- নিত্যবহ খালের।

15) নিত্যবহ খাল কাকে বলে?
* Answer :- যে খালে সারা বছর বারো মাস জল থাকে এবং সারা বছরই জলসেচ করা হয়, তাকে নিত্যবহ লাগে।

16) নিত্যবহ খাল কোন জলে পুষ্ট থাকে?
* Answer :-বরফ গলা জলে।

17) প্লাবন খাল বলতে কী বোঝো?
* Answer :-যে খাল শুধুমাত্র বর্ষাকালেই বৃষ্টির জলে পুষ্ট থাকে, তাদের প্লাবন খাল বলে।

18) প্লাবন খাল কোথায় দেখা যায় বেশি?
* Answer :-দক্ষিণ ভারতে।

19) জলসেচের উপর ভিত্তি করে ভারত বিশ্বে কততম স্থান অধিকার করে?
* Answer :-দ্বিতীয়।

20) বিশ্বের কোন দেশ জলসেচে প্রথম স্থান অধিকার করে?
* Answer:-চীন।

21) ভারতের কোন রাজ্যে সব থেকে বেশি নলকূপ আছে?
* Answer :-উত্তরপ্রদেশ রাজ্যে।

22) ভারতের জলাশয়ের মাধ্যমে কোথায় সব থেকে বেশি চাষ হয়?
* Answer :- তামিলনাড়ু রাজ্যে।

23) অতিরিক্ত ভৌমজল ব্যবহারে ফলাফল কী হতে পারে?
* Answer :-আর্সেনিক দূষণ, মৃত্তিকা লবণের পরিমাণ বৃদ্ধি, মৃত্তিকা ক্ষারকত্ব বৃদ্ধি প্রভৃতি।

24) জম্মু-কাশ্মীর রাজ্যে কত শতাংশ খালের মাধ্যমে জলসেচ করা হয়?
* Answer :- প্রায় 94%।

25) পাঞ্জাবের 99% কৃষিকাজ কোন পদ্ধতিতে করা হয়?
* Answer :- জলসেচ পদ্ধতিতে।

26) ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি কূপের মাধ্যমে জলসেচ করা হয়?
* Answer :-মধ্যপ্রদেশ।

27) পশ্চিমবঙ্গের দীর্ঘতম সেচখালের নাম কী?
* Answer :-মেদিনীপুর খাল।

28) ভারতের বৃহত্তম সেচ খালের নাম কী?
* Answer :-উত্তরপ্রদেশের সারদা খাল।

29) ভারতের প্রথম নদী বাঁধের নাম কী?
* Answer :-তামিলনাড়ু রাজ্যের কাল্লানাই বাঁধ।

30) ভারতের উচ্চতম বাঁধের নাম কী?



WWW.BENGALEDUCATIONGUIDE.COM

* Answer :- তেহরী বাঁধ।

31) তেহরী বাঁধ কোথায় অবস্থিত?
* Answer :-উত্তরাখান্ড রাজ্যে ভাগীরথী নদীর উপর।

32) ভারতের বৃহত্তম নদী পরিকল্পনার নাম কী?
* Answer :-ভাকরা-নাঙ্গাল বাঁধ।

33) ভাকরা-নাঙ্গাল বাঁধ কোথায় অবস্থিত?
* Answer :- পাঞ্জাব-হরিয়ানা-রাজস্থান রাজ্যে শতদ্রু নদীর উপর ।

34) ভারতের দীর্ঘতম নদী বাঁধের নাম কী?
* Answer :-উড়িষ্যার মহানদীর উপরে হীরাকুঁদ বাঁধ।

35) হীরাকুঁদ বাঁধের দৈর্ঘ্য কত?
* Answer :-প্রায় 26 কিলোমিটার।

36) ময়ূরাক্ষী নদী পরিকল্পনা কোথায় দেখা যায়?
* Answer :-ঝাড়খণ্ড রাজ্যে ময়ুরাক্ষী নদীর উপরে।

37) তিস্তা নদী প্রকল্প কোথায় দেখা যায়?
* Answer :-পশ্চিমবঙ্গের তিস্তা নদীর উপরে।

38) সর্দার সরোবর প্রকল্প কোন নদীর উপর তৈরি হয়েছে?
* Answer :-গুজরাট রাজ্যের নর্মদা নদীর উপর।

39) নাগার্জুন সাগর প্রকল্প কোথায় গড়ে উঠেছে?
* Answer :-অন্ধ্রপ্রদেশ রাজ্যে কৃষ্ণা নদীর উপর।

40) স্বাধীন ভারতের প্রথম বহুমুখী নদী পরিকল্পনার নাম কী?
* Answer :-দামোদর ভ্যালি কর্পোরেশন(DVC)।

41) দামোদর ভ্যালি কর্পোরেশন কবে শুরু হয়েছিল?
* Answer :-1948 খ্রিস্টাব্দে।

42) দামোদর ভ্যালি কর্পোরেশন কার অনুকরণে তৈরি করা হয়েছে?
*Answer :-মার্কিন যুক্তরাষ্ট্রের টেনসি ভ্যালি অথরিটির(TVA) অনুকরণে।

43) দামোদর ভ্যালি কর্পোরেশন কোথায় তৈরি করা হয়েছে?
* Answer :-ঝাড়খন্ডের ছোটনাগপুর মালভূমি ও পশ্চিমবঙ্গের দামোদর নদী উপত্যকায়।

44) দামোদর ভ্যালি কর্পোরেশনে মোট কয়টি নদী বাঁধ তৈরি করা হয়েছে?
* Answer :-8 টি।

45) মাসাঞ্জোর বাঁধ কোথায় তৈরি করা হয়েছে?
* Answer :-ঝাড়খন্ড ও পশ্চিমবঙ্গের উদ্যোগে ময়ূরাক্ষী নদীর উপর।

46) মাসাঞ্জোর বাঁধ কোন দেশের সহায়তায় তৈরি করা হয়েছে?
* Answer :- কানাডা, তাই একে কানাডা বাঁধও বলা হয়।



WWW.BENGALEDUCATIONGUIDE.COM

**47) ভারতে বড় নদী বাঁধের (15 মিটারের বেশি) সংখ্যা কত?**
*** Answer :- প্রায় 5200 টি।**

**48) নদী বাঁধ ও বহুমুখী নদী পরিকল্পনা কেন করা হয়?**
*** Answer :- প্রধানত জলসেচ, জলবিদ্যুৎ উৎপাদন, বন্যা নিয়ন্ত্রণ, মৎস্য চাষ, সড়ক পথ ও রেলপথ নির্মাণ, পানীয় জল সরবরাহ প্রভৃতি ।**

**49) ভারতের ছোট বাঁধ কাকে বলা হয়?**
*** Answer :- কেরলের পেরিয়ার নদীর উপর চেরুথোনি বাঁধকে।**

**50) ফারাক্কা বাঁধ কোথায় অবস্থিত?**
*** Answer :-পশ্চিমবঙ্গ রাজ্যের মুর্শিদাবাদ ও মালদা জেলায় গঙ্গা নদীর উপর।**

**এই পাঠের 50 টি প্রশ্ন ও উত্তরের *ভিডিও(VIDEO)* নিচে দেওয়া হল -**

**আজ কয়েকটি বাছাই করে কিছু প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করা হয়েছে। পরবর্তী সময়ে অন্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে । প্রশ্ন ও উত্তর গুলি কেমন হয়েছে তা কমেন্টে বা মেল করে জানাবেন। এই প্রকার আরো অনেক প্রশ্ন ও উত্তর পাওয়ার জন্য ওয়েবসাইটে ভিজিট করুন । Thank you, Visit Again .বেঙ্গল এডুকেশন গাইড .**

**সমস্ত বিষয়ের বিভিন্ন অধ্যায় থেকে 50 টি প্রশ্ন ও উত্তর নিয়ে ধারাবাহিক আলোচনা করা হচ্ছে। সর্ব ভারতীয় ও রাজ্য স্তরের বিগত বছরে যে সমস্ত প্রশ্ন বিভিন্ন পরীক্ষায় (All Examination) এসেছে তার দিকে নজর রেখে এই প্রশ্ন ও উত্তর সেট তৈরী করা হয়েছে।**

**প্রিয় - পাঠক বন্ধু /ছাত্র-ছাত্রী/শিক্ষার্থী,**
**এই অধ্যায়ের 50 টি প্রশ্ন ও উত্তর নিয়ে দুটি পর্বে ( 25+25 ) ONLINE EXAM TEST প্রস্তুত করা হয়েছে। সুতরাং , আপনি সময় নিয়ে এই অধ্যায়ের '50 টি প্রশ্ন ও উত্তর' নিখুঁত ভাবে যত্নসহকারে পড়ার পর ONLINE EXAM TEST দিন । ধন্যবাদ।**

- **বেঙ্গল এডুকেশন গাইডের নিজস্ব ইউটিউব চ্যানেল - *BENGAL EDUCATION GUIDE***

WWW.BENGALEDUCATIONGUIDE.COM